শ্রাবণ, তুমি বাতাসে কার আভাস পেলে—
পথে তারি সকল বারি দিলে ঢেলে ।
কেয়া কাঁদে, 'যা য় যা য় যায় ।'
কদম ঝরে, 'হা য় হা য় হায় ॥'
পুব-হাওয়া কয়, 'ওর তো সময় নাই বাকি আর ।'
শরৎ বলে, 'যাক-না সময়, ভয় কিবা তার—
কাটবে বেলা আকাশ-মাঝে   বিনা কাজে
অসময়ের খেলা খেলে ॥'
কালো মেঘের আর কি আছে দিন,
ও যে হল সাথিহীন ।
পুব-হাওয়া কয়, 'কালোর এবার যাওয়াই ভালো ।'
শরৎ বলে, 'মিলিয়ে দেব কালোয় আলো—
সাজবে বাদল আকাশ-মাঝে   সোনার সাজে
কালিমা ওর মুছে ফেলে ॥'

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Style: Bibhas-Baul
Visit www.geetabitan.com for notation and other detail